



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।  
[www.eedmoe.gov.bd](http://www.eedmoe.gov.bd)



স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.০৬.১৭৮.১৯ (পার্ট-২)/ ১৪০৫

তারিখ: ২৬ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ  
১০ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

### শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ দেলোয়ার হোসেন মজুমদার, প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
সভার স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
তারিখ ও সময় : ০২/০১/২০২৩ খ্রিঃ, বিকাল ৩.০০ ঘটিকা  
সভার উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রধান প্রকৌশলী তাঁর সূচনা বক্তব্যে উল্লেখ করেন যে, মাসিক সমন্বয় সভা একটি দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, কাজের গতিশীলতা বৃদ্ধি এবং শৃঙ্খলা রক্ষার্থে অতি গুরুত্বপূর্ণ। মাসিক সমন্বয় সভা ১-৫ তারিখের মধ্যে প্রতিমাসে অথবা দুই মাস পর পর আয়োজন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তুভিত্তিক সভাটি পরিচালনা করার জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ রাহেদ হোসেন কে অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	নিয়োগ, পদোন্নতি ও শূন্যপদ পূরণ	উপপরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) এর ৪টি পদ শূন্য রয়েছে। এ ছাড়া, নির্বাহী প্রকৌশলীর ৪৩টি শূন্য পদের বিপরীতে ২৯জন জ্যেষ্ঠ সহকারী প্রকৌশলীকে নির্বাহী প্রকৌশলীর চলতি দায়িত্ব এবং অবশিষ্ট ১০টি পদে নিকটবর্তী জেলার নির্বাহী প্রকৌশলীগণকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। এ ছাড়া, সহকারী স্থপতির ৩টি, আইন কর্মকর্তার ১টি পদ, প্রোগ্রামারের ১টি পদ, সহকারী প্রোগ্রামারের ৪টি পদ, সহকারী প্রকৌশলী (সিভিল) এর ১৩টি পদ, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) এর ৬৯টি পদ, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) এর ১টি পদ, সহকারী প্রকৌশলী (মেইনটেন্যান্স) এর ১টি পদ বর্তমানে শূন্য আছে। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর ৩৬১টি শূন্য পদের বিপরীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ২৪০জন প্রার্থী নিয়োগের প্রজ্ঞাপন জারি করা হয়। তন্মধ্যে, ১৮৩জন যোগদান করেছেন। বর্তমানে ১৭৮টি উপ-সহকারী প্রকৌশলীর পদ শূন্য রয়েছে। এ ছাড়া, উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদে ৭২টি এবং ড্রাফটসম্যান পদে ২৪টি শূন্যপদ রয়েছে।	১.১) সকল শূন্যপদ পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১.২) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার পদে প্রেষণে/সরাসরি নিয়োগের মাধ্যমে শূন্যপদ পূরণের জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে। ১.৩) উপ-সহকারী প্রকৌশলী/ড্রাফটসম্যানের শূন্যপদসমূহ পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ১.৪) বর্তমানে চলমান অফিস সহায়ক পদে মৌখিক পরীক্ষা সম্পন্ন হওয়ার পর আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য শূন্যপদসমূহ দ্রুত পূরণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১.৫) প্রয়োজনীয় সংখ্যক গাড়ি চালকের পদ সৃষ্টির প্রস্তাব প্রেরণ করতে হবে এবং গাড়ি চালকের বিদ্যমান শূন্যপদসমূহ পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) উপপরিচালক (প্রশাসন)

*[Signature]*

*[Signature]*

*[Signature]*

*[Signature]*

*[Signature]*

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		<p>অন্যদিকে, ইইডি কর্তৃক ১১ থেকে ১৬তম গ্রেডের তৃতীয় শ্রেণির বিভিন্ন পদে সুপারিশকৃত ৬৩৮জন এর মধ্যে ৪৭৩জন কর্মচারী যোগদান করেছেন। তন্মধ্যে, ৬১জন অব্যাহতি নিয়েছেন। বর্তমানে ১১-১৬তম গ্রেডে বিভিন্ন পদে ৪১২জন কর্মরত আছেন। এ অধিদপ্তর হতে অফিস সহায়ক পদে ৫১৫ টি শূন্যপদ পূরণের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বর্তমানে অফিস সহায়ক পদের মৌখিক পরীক্ষা চলমান রয়েছে।</p> <p>এ ছাড়া, গাড়িচালক এর রাজস্বখাতভুক্ত ০৯টি এবং আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগের জন্য নিরাপত্তা প্রহরী ও সুইপার এর ৬৪৭টি পদ রয়েছে যোগুলোর নিয়োগ প্রক্রিয়া শুরু করা যায়।</p>		
০২	মন্ত্রণালয়ের বিভিন্ন রিপোর্ট, প্রতিবেদন প্রেরণ	<p>পরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন যে, সংশ্লিষ্ট শাখা/ডেস্কসমূহ হতে অনেক সময় নির্ধারিত সময়ে তথ্য-উপাত্ত না পাওয়ায় মন্ত্রণালয়ের বিভিন্ন রিপোর্ট, প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা সম্ভব হয় না।</p>	<p>২.১) মন্ত্রণালয়ের বিভিন্ন রিপোর্ট, প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের লক্ষ্যে সকল ডেস্ক ও শাখা নির্ধারিত সময়ে তথ্য প্রদান নিশ্চিত করবে।</p> <p>২.২) বিভিন্ন রিপোর্ট প্রতিবেদন সংগ্রহ, প্রস্তুত ও প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় এর জন্য প্রধান কার্যালয়ের জনাব মোহাম্মদ এমদাদুল হক, সহকারী প্রকৌশলী (সিভিল)-কে দায়িত্ব প্রদান করা হয়।</p>	<p>১) সকল ডেস্ক ও শাখা প্রধান।</p> <p>২) জনাব মোহাম্মদ এমদাদুল হক, সহকারী প্রকৌশলী (সিভিল)</p>
০৩	প্রশিক্ষণ	<p>শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব ব্যবস্থাপনায় কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণের কর্মপরিকল্পনা প্রণয়ন, Quality Control of EED Structures সংক্রান্ত অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন, নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের অফিস ব্যবস্থাপনা, কম্পিউটার, পিপিআর, ই-জিপি, অটোক্যাডসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজন নিয়ে আলোচনা হয়।</p> <p>এ ছাড়া, নির্বাহী প্রকৌশলীগণের জন্য EED Strengthening প্রকল্পের আওতায় DDO Module সংক্রান্ত এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য ডিপিপি প্রণয়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বাজেট সংকুলান বিষয়ে পরিচালক (প্রশাসন ও অর্থ), নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-১) এবং উপপরিচালক (অর্থ) বিস্তারিত আলোচনা করেন।</p> <p>প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ বলেন যে, আইসিটি শাখা কর্তৃক চলতি অর্থবছরে বিভিন্ন বিষয়ের উপর ২৫ ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। এর মধ্যে ৬৫টি ব্যাচের মাধ্যমে ১৯১৭জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সদ্য নিয়োগপ্রাপ্ত ৩০জন</p>	<p>৩.১) নিজস্ব ব্যবস্থাপনায় কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণ আয়োজনের কর্মপরিকল্পনা প্রণয়ন ও প্রশিক্ষণ প্রদান যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। দ্রুততম সময় (অনধিক ০৩ কর্মদিবস) এর মধ্যে প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ বুনুয়াদী “প্রশিক্ষণের বিষয়” ও “প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা” সংক্রান্ত প্রতিবেদন প্রধান প্রকৌশলী বরাবর দাখিল করবেন। APA, NIS, GRS, RTI, শুল্কচার, সিটিজেন চার্টার ইত্যাদি বিষয়ে আলাদা আলাদা বিষয়ভিত্তিক ট্রেনিং রেজিস্টার তৈরি ও একই সাথে তথ্যাদি অনলাইনেও সংরক্ষণ করতে হবে।</p> <p>৩.২) উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-দের বুনুয়াদী প্রশিক্ষণের জন্য RPATC, NAPD, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা; পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং ESCB এর মধ্যে কোথায় প্রশিক্ষণের ব্যবস্থা করলে ফলপ্রসূ হবে তা যাচাই করে সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।</p>	<p>১) পরিচালক (প্রশাসন ও অর্থ)</p> <p>২) উপপরিচালক (প্রশাসন)</p> <p>৩) উপপরিচালক (অর্থ)</p> <p>৪) জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার</p>

*Amman*

*৩৩/৩*

*৩/৩*

*Amman*

*৩/৩*

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		<p>সহকারী প্রকৌশলীকে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার-এ বুনিয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। APA প্রোগ্রামের আওতায় ৫১৬জন কে প্রশিক্ষণ দেওয়া হয়। প্রত্যেক জেলা কার্যালয়ে e-GP-এ কাজ করছেন এমন ০২জন কর্মকর্তাকে e-GP প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।</p> <p>উপপরিচালক (প্রশাসন) উপ-সহকারী প্রকৌশলীগণকে বুনিয়াদী প্রশিক্ষণের জন্য RPATC, NAPD, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বোর্ড), কুমিল্লা; পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া; এবং ESCB-এর মধ্যে কোনটিতে প্রয়োজনে একাধিক প্রতিষ্ঠানে) প্রশিক্ষণ আয়োজন করা যায় সে বিষয়ে সভায় মতামত প্রদান এর জন্য অনুরোধ করেন।</p> <p>নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-১) বলেন যে, DPP প্রণয়নের ক্ষেত্রে Feasibility study পূর্বেই সম্পন্ন করতে হবে। এ বিষয়ে প্রধান কার্যালয়ে একটি টিম গঠন করা যেতে পারে এবং সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে।</p>	<p>৩.৩) DPP প্রণয়নের জন্য প্রধান প্রকৌশলীকে প্রধান করে এ কার্যালয়ে একটি কমিটি গঠন করতে হবে। DPP সংশ্লিষ্ট কর্মকর্তাগণের প্রশিক্ষণের জন্য BIM, সোবহানবাগ এবং NAPD এর সাথে আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে যোগাযোগ করতে হবে।</p> <p>৩.৪) DDO Module সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p>	
০৪	অডিট আপত্তি নিষ্পত্তি ও অভ্যন্তরীণ অডিট	<p>অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনার জন্য কমিটি গঠনপূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় প্রত্যেক জেলা কার্যালয়ে অনিষ্পন্ন অডিট আপত্তির একটি রেকর্ড প্রস্তুতের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>৪.১) চলমান অফিস সহায়কদের মৌখিক পরীক্ষার পর অভ্যন্তরীণ অডিট কার্যক্রম শুরু করবে।</p> <p>৪.২) প্রতি অর্থবছরের জন্য প্রত্যেক জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের <u>ডিন্ন ডিন্ন অডিট ডলিউম তৈরিপূর্বক অডিট আপত্তির রেকর্ড প্রস্তুত করতে হবে।</u> জনাব মো: আবু ছায়িদ চৌধুরী, হিসাবরক্ষণ কর্মকর্তা এ বিষয়ে একটি ছক প্রস্তুত করে আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রধান প্রকৌশলী এর নিকট উপস্থাপন করবেন।</p>	১) জনাব আবু ছায়িদ চৌধুরী, হিসাবরক্ষণ কর্মকর্তা।
০৫	মামলা	<p>শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ৫৬টি মামলার মধ্যে ৩৬টি নিষ্পত্তি হয়েছে এবং ২০টি মামলার কার্যক্রম চলমান রয়েছে। সুনির্দিষ্ট তথ্যসহ মামলাসমূহের ডাটাবেজ প্রস্তুতকরণ প্রতিবেদন হালনাগাদের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	<p>৫.১) মামলাসমূহের ডাটাবেজ হালনাগাদ রাখতে হবে।</p> <p>৫.২) চলমান মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তরের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	১) উপপরিচালক (প্রশাসন)
০৬	কর্মবণ্টন	<p>প্রধান কার্যালয়ে কর্মরত সকল ডেস্ক ও শাখাসমূহের প্রধান, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তীর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে সুস্পষ্ট কর্মবণ্টন প্রণয়নপূর্বক যথাযথ পত্রের মাধ্যমে প্রধান প্রকৌশলী মহোদয়কে অবগত করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় অধিকাংশ ডেস্ক প্রধান জানান, তীরা কর্মবণ্টন করেছেন, তবে লিখিত আদেশ জারি করা হয়নি।</p>	<p>৬.১) সকল ডেস্ক ও শাখাসমূহের প্রধান, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের সুস্পষ্ট কর্মবণ্টন প্রণয়ন করতে হবে।</p> <p>৬.২) সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীগণের ক্ষেত্রে আলাদাভাবে কর্মবণ্টন তৈরি করতে হবে।</p>	১) সকল ডেস্ক ও শাখা প্রধান।

*Amun*

*মহু*

*ফান*

*Amun*

*Amun*

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		সভাপতি বলেন যে, প্রণয়নকৃত কর্মবন্টনের মাধ্যমে জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে।		
০৭	প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের উদ্বোধনের লক্ষ্যে প্রভুতি গ্রহণ ও এ সংক্রান্ত স্মরণিকা প্রকাশ	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানের উদ্বোধনের লক্ষ্যে প্রভুতি গ্রহণ ও এ সংক্রান্ত স্মরণিকা প্রকাশের অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় জানান, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানের উদ্বোধন উপলক্ষ্যে শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা ও ছবি যাচাই প্রক্রিয়া শেষ পর্যায়ে রয়েছে।	৭.১) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানের উদ্বোধন উপলক্ষ্যে ছবি চূড়ান্তকরণ ও স্মরণিকা প্রকাশ সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। ৭.২) কমিটি আগামী সপ্তাহে এতদ্বিষয়ে মিটিং সম্পন্ন করবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) গঠনকৃত কমিটি।
০৮	বিভিন্ন কমিটি হালনাগাদকরণ	প্রধান কার্যালয়ের বিভিন্ন বিষয় ও কার্যক্রম সংক্রান্ত গঠিত কমিটিসমূহ হালনাগাদকরণের বিষয়ে আলোচনা হয়।	৮) বিভিন্ন কমিটিসমূহ হালনাগাদ সম্পন্ন করতে হবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ)
০৯	অফিসের কর্মপরিবেশ উন্নয়ন ও নতুন পদায়িত কর্মকর্তা/কর্মচারীগণের বসার ব্যবস্থাকরণ	প্রধান কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিচালক উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কর্মপরিবেশ উন্নয়ন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার গুরুত্বপূর্ণ কর্মসূচি। সভাপতি সিডিসহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের করিডোর, ক্যাম্পাস অপরিস্কার থাকায় এবং যত্রতত্র অব্যবহৃত মালামাল, পরিত্যক্ত সামগ্রী ও আবর্জনা পড়ে থাকায় অসন্তোষ প্রকাশ করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ প্রধান কার্যালয়ের প্রবেশমুখে মোটরসাইকেল সরানো এবং প্রবেশমুখে আনসার নিয়োগের বিষয়ে আলোচনা করেন। যান্ত্রিক শাখার দায়িত্বে সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জনাব মো: জরজিসুর রহমান জানান যে, মোটর সাইকেল রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, ঢাকা মেট্রো কর্তৃক প্রাক্কলন প্রভুতের কাজ চলমান রয়েছে। নিচতলার মালামাল সরানোর জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। মহাপরিচালক মহোদয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নিচতলা ব্যবহার এর সম্মতি প্রদান করেছেন। তিনি আরো জানান যে, নিচতলার একটি জেনারেটর রুম, ড্রাইভার সমিতির অফিস এবং স্টোর রুম অফিস ব্যবহারের জন্য বিবেচনা করা যায়। পুরাতন মোটর সাইকেলগুলো শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর নির্মিতব্য ভবন, আগারগাঁও-এ স্থানান্তর প্রয়োজন।	৯.১) বিদ্যমান পরিষ্কার-পরিচ্ছন্নতা কমিটি টিওআর অনুযায়ী কার্যক্রম পরিচালনা করবে। বিদ্যমান কমিটি আগামী সপ্তাহে কেবিনেট ও আলমারি সরানোর বিষয়ে মিটিং করবে। ৯.২) ভবনের সামনে গোলচক্রে গাড়ি পার্কিং-এর জায়গা খালি করে মোটর সাইকেল রাখার ব্যবস্থাকরণ এবং নিরাপত্তার জন্য ৬জন আনসার সদস্য নিয়োগের বিষয়ে নির্বাহী প্রকৌশলী জনাব মো: আবুল হাসেম সরদার ও সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জনাব মোঃ জরজিসুর রহমানকে দায়িত্ব প্রদান করা যায়। মোটরসাইকেল রাখতে শেড তৈরির ডিজাইন অতি দ্রুত প্রণয়ন করতে হবে। ৯.৩) আনসার সদস্য নিয়োগের জন্য চলতি অর্থবছরের বাজেটে বরাদ্দ উপযোজন করতে হবে। ৯.৪) করিডোরের মালামাল ও ফাইল কেবিনেট সংরক্ষণ বা বিনষ্ট করার বিষয়ে সংশ্লিষ্ট শাখা/ডেস্কসমূহ স্টোরকিপারসহ ইনভেন্টরি সম্পন্ন করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে। ৯.৫) নতুন পদায়িত কর্মকর্তা/কর্মচারীগণের বসার ব্যবস্থাকরণ ও নতুন স্টাফদের বসার জন্য চেয়ার, টেবিল ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করার বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) উপপরিচালক (অর্থ) ৩) সংশ্লিষ্ট ডেস্ক ও শাখা প্রধান। ৪) জনাব মো: আবুল হাসেম সরদার, নির্বাহী প্রকৌশলী ৫) জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ৬) জনাব দেওয়ান মো: খসরু, সহকারী প্রকৌশলী (ঢাকা মেট্রো)

*Amman*

*২০/৩*

*৩*

*Amman*

*৩*

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		<p>আনসার সদস্য নিয়োগের ব্যাপারে তিনি জানান যে, প্রতি জনকে ১০,০০০/- (দশ হাজার) টাকা বেতন, আবাসন সুবিধা ও রান্নার ব্যবস্থা করতে হবে মর্মে আনসার কার্যালয় হতে জানানো হয়েছে। তিনি বলেন, বিদ্যমান অবস্থায় ৬জন আনসার সদস্য নিয়োগ করা যায়।</p> <p>করিডোরের মালামাল ও ফাইল কেবিনেট ডেস্ক কর্তৃক শ্রেণিবিন্যাসকরণ ও ইন্ডেন্টরি এর মাধ্যমে পরবর্তীতে সংরক্ষণ বা বিনষ্ট করার বিষয়ে আলোচনা করা হয়।</p> <p>ডিজাইন শাখার প্রকৌশলীদের বসার জন্য সম্প্রতি প্রধান প্রকৌশলী মহোদয় ১১তলায় একটি ডিজাইন কর্ণারের উদ্বোধন করেছেন।</p>		
১০	যানবাহন	<p>এ কার্যালয়ের TO &amp; E অনুমোদনের প্রস্তাব দীর্ঘদিন ধরে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে মর্মে পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় অবহিত করেন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কার্যপরিধি বহুগুণ বৃদ্ধি পাওয়ায় এবং একই সাথে সকল পদবীর নতুন জনবল নিয়োগ ও পদোন্নতি প্রদান করায় বাস্তব চাহিদার নিরিখে TO &amp; E হালনাগাদ করে নতুন আর একটি প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন।</p> <p>জনাব মো: আবুল হাসেম সরদার, নির্বাহী প্রকৌশলী বলেন যে, মাঠ পর্যায়ে অনেক নির্বাহী প্রকৌশলীর যানবাহন নেই। নির্মাণ কাজ তদারকিসহ দাপ্তরিক বিভিন্ন কাজে নির্বাহী প্রকৌশলীর সরকারি গাড়ি থাকা আবশ্যিক। এ জন্য নতুন অর্গানোগ্রাম অনুযায়ী TO &amp; E হালনাগাদ করা প্রয়োজন। বর্তমানে অর্থ বিভাগের বিধি নিষেধের কারণে এ মুহূর্তে নতুন যানবাহন ক্রয় করা সম্ভব হচ্ছে না মর্মে তিনি সভায় অবহিত করেন।</p> <p>তিনি আরো জানান, সম্প্রতি মাঠ পর্যায়ে নির্মাণ কাজ তদারকি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভিন্ন জেলায় কর্মরত নতুন সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলগণকে প্রধান প্রকৌশলী মহোদয় ৪৫টি মোটর সাইকেল বিতরণ করেছেন।</p>	<p>১০.১) প্রেরিত TO &amp; E প্রস্তাব অনুমোদনের বিষয়ে অগ্রগতি সম্পর্কে পরিচালক (প্রশাসন ও অর্থ) জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করবেন।</p> <p>১০.২) বর্তমান অর্গানোগ্রাম অনুযায়ী এবং বাস্তব চাহিদার প্রেক্ষিতে যানবাহন ও অফিস সরঞ্জামাদির নিরিখে TO &amp; E প্রস্তাব প্রণয়ন করতে হবে। এ বিষয়ে গঠিত কমিটিকে দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	<p>১) পরিচালক (প্রশাসন ও অর্থ)</p> <p>২) জনাব মো: আবুল হাসেম সরদার, নির্বাহী প্রকৌশলী</p> <p>৩) জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)</p> <p>৪) গঠনকৃত কমিটি</p>
১১	ব্যয় সাশ্রয়	<p>জনাব মো: ইউনুস আলী, উপপরিচালক (অর্থ) সভাকে জানান যে, সরকার জ্বালানী বিষয়ে ২০%, ভ্রমণ ভাতা বিলে ৫০%, কম্পিউটার ও আনুষঙ্গিক খাতে ৫০%, অন্যান্য মনিহারী খাতে ৫০%, বৈদ্যুতিক সরঞ্জামাদি খাতে ৫০%, বিদ্যুৎ ব্যবহারে ২৫% সাশ্রয়ী হতে এবং যথাসম্ভব আপ্যায়ন খাতে ব্যয় কমানোর বিষয়ে নির্দেশনা প্রদান</p>	<p>১১) অত্র অধিদপ্তরের প্রত্যেক ডেস্ক, শাখা এবং সকল কর্মকর্তা ও কর্মচারীকে সরকারের ব্যয় সাশ্রয়ী নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।</p>	<p>১) উপপরিচালক (অর্থ)</p> <p>২) সকল ডেস্ক ও শাখা প্রধান।</p>

*Amman*

*মঞ্জ*

*স্ব*

*স্ব*

*স্ব*

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		করেছে। অত্র অধিদপ্তর ব্যয় সাশ্রয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করছে বলে তিনি সভাকে জানান।		
১২	ওয়েবসাইট হালনাগাদকরণ	প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ জানান যে, অত্র অধিদপ্তরের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। অফিস আদেশ, পরিপত্র, প্রজ্ঞাপন, NOC নিয়মিতভাবে আপলোড করা হচ্ছে। তবে, মাঠ পর্যায়ে ওয়েবসাইট আপডেট করার নিমিত্ত কাজ চলছে।	১২.১) এ অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। ফটোগ্যালারীতে গুরুত্বপূর্ণ সভার সকল ছবি আপলোড করতে হবে। ১২.২) মাঠ পর্যায়ের দপ্তরসমূহের ওয়েবসাইটে তথ্য আপলোড ও হালনাগাদ করার জন্য নির্দেশনা জারি করতে হবে।	১) জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার
১৩	APA/NIS	প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ বলেন যে, APA, NIS, তথ্য অধিকার আইন (RTI), GRS ইত্যাদি সকল বিষয়ে প্রামাণিক দলিলসহ প্রতিবেদন প্রেরণ করা হয়। অসম্পূর্ণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক গ্রহণ করা হয় না। তিনি সংশ্লিষ্ট শাখা/ডেস্ক হতে যথাসময় তথ্য/প্রামাণিক দলিল সরবরাহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	১৩) APA/NIS সংক্রান্ত সকল প্রতিবেদন যথাসময় যথাযথভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) উপপরিচালক (প্রশাসন) ৩) সকল শাখা/ডেস্ক প্রধান ৪) উপপরিচালক (অর্থ) ৫) জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার
১৪	শিক্ষা মন্ত্রণালয়ের প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগ	উপপরিচালক (প্রশাসন) জানান যে, এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ৫টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য অত্র অধিদপ্তর হতে প্রস্তাব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রেরিত প্রতিটি প্রস্তাবে আরো ২জনকে অন্তর্ভুক্ত করে পুনরায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ এর জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে বলা হয়েছে।	১৪) স্বল্প সময়ের মধ্যে প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগে প্রেরিত প্রস্তাবের বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এ যোগাযোগ করতে হবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) উপপরিচালক (প্রশাসন)
১৫	এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত	শিক্ষা সংক্রান্ত এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে অত্র অধিদপ্তর এর কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	১৫.১) এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত গৃহীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। ১৫.২) এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত সকল বিষয়ে নিম্নবর্ণিত কর্মকর্তগণকে দায়িত্ব প্রদান করা হয়: ১) জনাব মীর মুয়াজ্জম হোসেন, নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-২) ২) জনাব মো: ইউনুস আলী, উপপরিচালক (অর্থ) ৩) জনাব মো: খালিদ হোসেন, সহকারী প্রকৌশলী (সিভিল) ১৫.৩) শিক্ষা সম্পর্কিত এসডিজি-৪ এর বিষয়ে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর সম্ভাব্য কর্মপরিধি নির্ধারণপূর্বক আগামী ১৫দিনের মধ্যে একটি খসড়া প্রণয়নের জন্য জনাব মো: খালিদ হোসেন, সহকারী প্রকৌশলী (সিভিল) কে দায়িত্ব প্রদান করা হয়।	১) সকল ডেস্ক ও শাখা প্রধান। ২) জনাব মীর মুয়াজ্জম হোসেন, নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-২) ৩) জনাব মো: ইউনুস আলী, উপপরিচালক (অর্থ) ৪) জনাব মো: খালিদ হোসেন, সহকারী প্রকৌশলী (সিভিল)

১৩

১৪

১৫

১৬

১৭

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১৬	Digital Archive সংক্রান্ত আলোচনা	সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মিত ভবনসমূহের ডিজাইন এবং ড্রয়িং দীর্ঘদিন সংরক্ষণের জন্য Digital Archive এর বিষয়ে আলোচনা হয়। ডিজাইন শাখার নির্বাহী প্রকৌশলী জনাব এস. এম. সাফিন হাসান ডিজিটাল আর্কাইভ তৈরির জন্য ৪,৩০,০০০/- (চার লক্ষ ত্রিশ হাজার) টাকা মূল্যের একটি চাহিদাপত্র আইসিটি শাখায় প্রেরণ করেছেন। এ ছাড়া, ডিজাইন শাখার কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে উক্ত শাখা হতে প্রধান প্রকৌশলী মহোদয়ের কাছে Computer, A3 Scanner, Plotter ক্রয়ের জন্য অনুরোধ করা হয়। উপপরিচালক (অর্থ) জানান যে, কম্পিউটার ক্রয়ে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।	১৬.১) কেন্দ্রীয়ভাবে সংরক্ষণের জন্য Digital Archive system develop করতে হবে। এ বিষয়ে জনাব জয়নাল আবেদীন, নির্বাহী প্রকৌশলীকে প্রধান করে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়: ১। জনাব জয়নাল আবেদীন, নির্বাহী প্রকৌশলী ২। জনাব এস. এম. সাফিন হাসান, নির্বাহী প্রকৌশলী ৩। জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার ১৬.২) ডিজাইন শাখার জন্য পর্যাপ্ত Computer, A3 Scanner, Plotter ক্রয় করতে হবে।	১) জনাব মো: ইউনুস আলী, উপপরিচালক (অর্থ) ২) জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার
১৭	উপ-সহকারী প্রকৌশলীবৃন্দের পৃথক অফিস স্থাপন	উপ-সহকারী প্রকৌশলীবৃন্দের পৃথক অফিস স্থাপন প্রসঙ্গে সভায় আলোচনা করা হয়। সভায় কয়েকজন সদস্য বলেন, অর্গানোগ্রাম অনুযায়ী উপ-সহকারী প্রকৌশলীদের স্বতন্ত্র অফিস স্থাপন করা প্রয়োজন। উপ-সহকারী প্রকৌশলীদের স্বতন্ত্র অফিস হলে উপ-সহকারী প্রকৌশলী অফিসের বিপরীতে সদ্য নিয়োগপ্রাপ্ত ডাটা এন্ট্রি অপারেটর এবং সহসা নিয়োগ প্রদান করা হবে এ সকল অফিস সহায়কের জন্য স্থান সংকুলান হবে।	১৭.১) যে সকল উপজেলায় উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয় নেই, সে সকল উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে উপজেলা পরিষদে অফিস কার্যক্রম পরিচালনার ব্যবস্থা করতে হবে। নির্বাহী প্রকৌশলীবৃন্দ এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে আলোচনা করবেন। এ বিষয়ে প্রধান কার্যালয় হতে নির্বাহী প্রকৌশলীদের পত্র প্রদান করতে হবে। ১৭.২) উপজেলা পরিষদে অফিস সংকুলান না হলে বিধি মোতাবেক অফিস ভাড়া করতে হবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) উপপরিচালক (প্রশাসন) ৩) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট জেলা)
১৮	বিবিধ:	বিবিধ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	১৮.১) প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে মোট ৭৫টি কার্যালয়ে PIMS এর তথ্য নিয়মিত আপডেট করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ওয়েবপোর্টালে প্রদত্ত লিংকের মাধ্যমে হালনাগাদ করতে হবে। এ বিষয়ে জনাব রতীশ চন্দ্র সেন, সহকারী প্রকৌশলী (সিভিল) ও জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার-কে দায়িত্ব প্রদান করা হয়। ১৮.২) সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) গণ টুর প্রোগ্রাম তৈরির মাধ্যমে নিয়মিতভাবে প্রতিমাসে ৩/৪টি Field Visit করবেন এবং নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), প্রধান কার্যালয় তা সমন্বয় ও মনিটরিং করবেন। ১৮.৩) প্রধান কার্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিজাইন) এর মাধ্যমে কেন্দ্রীয়ভাবে নির্দিষ্ট একটি স্থান হতে ডিজাইন ও ড্রয়িং ইস্যু করতে হবে। ১৮.৪) ডিজাইন শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে প্রধান প্রকৌশলী এর সভাপতিত্বে শীঘ্রই একটি সভার আয়োজন করতে হবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) উপপরিচালক (প্রশাসন) ৩) জনাব সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ৪) জনাব অনন্ত কুমার জৌমিক, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) ৫) জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার ৬) জনাব রতীশ চন্দ্র সেন,

Arman

Arman


Arman

Arman

Arman

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
			১৮.৫) নতুন বছরের শুভেচ্ছা কার্ড এর ন্যায় এ বছরের ক্যালেন্ডার ও ডায়েরি প্রস্তুত করা হবে। ১৮.৬) গাড়ীচালক ও লিফটম্যানদের জন্য নির্ধারিত পোশাকের ব্যবস্থা করতে হবে।	সহকারী প্রকৌশলী (সিভিল) ৭) জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)


আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মো: দেলোয়ার হোসেন মজুমদার)  
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)


স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.০৬.১৭৮.১৯ (পার্ট-২)/ ১৪০৫/১৯০০ তারিখ: ২৬ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ  
১০ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য বিতরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/..... সার্কেল
১০. নির্বাহী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/..... জেলা
১১. উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১২. প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৩. প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১৪. পরিচালক (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১৫. জনাব .....
১৬. অফিস কপি।

  
(আসাদুজ্জামান)

উপপরিচালক (প্রশাসন)  
ফোন ০২-২২৩৩৮৭৭৬৯

  
২৬/০১/২৩